



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর



২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শেষ পর্ব অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজকর্ম বিষয়ে প্রাথমিক

আবেদনের মাধ্যমে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১১/১০/২০২৬ তারিখের স্মারক নং-১৬(৭৫১)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/মাস্টার্স(নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৪-২০২৫/৫৯২৭ মোতাবেক এ কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজকর্ম বিষয়ে মাস্টার্স শেষ পর্ব কোর্সে ভর্তি হতে ইচ্ছুক ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, ১২/১১/২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে ভর্তির কার্যক্রমের প্রাথমিক আবেদন পত্র দাখিল করা যাবে। ভর্তির কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে জানা যাবে।

০১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে জ্ঞান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

০২। ভর্তি ফরম সংগ্রহ ও জমা :

- ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Master tab এ গিয়ে Apply Now (masters reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক ভাবে Gender এন্ট্রি দিতে হবে।

গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী এ কলেজের নাম Select করলে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সের ভর্তি যোগ্য বিষয়ের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঘ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। আবেদনকারীকে <http://gssmc.eshiksabd.com/> এ গিয়ে User: gssmcstudent এবং Pass: gssmcstudent দিয়ে প্রবেশ করে Apply For Application Form ক্লিক করে NU Admission Roll, Student Name এবং মোবাইল নম্বর এন্ট্রি দিয়ে প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা bKash/Upay/Rocket App এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরম ও পেমেন্ট রশিদ কলেজে হিসাব শাখায় মোঃ মাসুদ রানা এর নিকট জমা দিতে হবে এবং ০১ (এক) সেট নিজের কাছে সংরক্ষণ করতে হবে যা পরবর্তীতে ভর্তির সময় জমা দিতে হবে। যে সকল আবেদনকারী নির্ধারিত ফি এবং আবেদন ফরম জমা করবে না তাদের আবেদন ফরম approve করা হবে না।

ঙ) কলেজ কর্তৃক আবেদন ফরম approve সংক্রান্ত SMS বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীর মোবাইলে প্রেরণ করবেন। SMS না পেলে কলেজের অফিস সাধারণ শাখায় জনাব অমৃত বিশ্বাস, (মোবাইল: ০১৯৩১-৫৩৩৮৮৬)-এর সাথে ১৬/১১/২০২৬ তারিখের মধ্যে যোগাযোগ করতে বলা হলো।

স্বাঃ
(অধ্যাপক আব্দুল্লাহ আল মাতীন)
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

স্মারক নং : ৬৪২/২৬

তারিখঃ ২৪/১০/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হল :

- ০১। উপাধ্যক্ষ, এ কলেজ।
- ০২। বিভাগীয় প্রধান : অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজকর্ম, এ কলেজ।
- ০৩। জনাব মোঃ শেখ মুজিব, প্রদর্শক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, এ কলেজ।
- ০৪। হিসাব রক্ষক, এ কলেজ।
- ০৫। জনাব সুলতান আহমেদ/জনাব সাকিব হোসেন/জনাব মোঃ মাসুদ রানা/জনাব অমৃত বিশ্বাস/ জনাব রূপালী শিকদার/ জনাব মোঃ মিরাজ শেখ, এ কলেজ।
- ০৬। নোটিশ বোর্ড/ ওয়েবসাইট/ ইএমএস/ হেল্প ডেস্ক, এ কলেজ।
- ০৮। সংরক্ষণ নথি।

২৪/১০/২৬
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর

অধ্যাপক আব্দুল্লাহ আল মাতীন
আইডি- ০৮৯৬৯
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর